**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 16-08-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নেশা কারবারীদের বিরুদ্ধে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা নেবে।**

**(২) শ্রমমন্ত্রী টিংকু রায় শ্রমিকদের যথাসময়ে দুর্গাপূজার বোনাস বা অনুদান দেবার জন্য মালিক পক্ষের প্রতি আহ্বান জানিয়েছেন ।**

**(৩) সারা দেশের সঙ্গে রাজ্যেও আজ জন্মাষ্টমী পালিত হচ্ছে।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অবৈধ অনুপ্রবেশের বিরুদ্ধে সতর্ক করে বলেছেন এটি দেশের জনসংখ্যার জন্য হুমকিস্বরূপ।**

**(৫) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠান আজ রাজধানীর রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয়।**

*******************************************

**CM–Blood Donation :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যে নেশা কারবারীদের বিরুদ্ধে রাজ্য সরকার কঠোর ব্যবস্থা নেবে। আজ আগরতলার এডি নগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অরবিন্দ সংঘ আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি রাজ্যে নেশার বাড়বাড়ন্ত নিয়ে উদ্বেগ প্রকাশ করে বলেন, নেশাসক্তদের বিরুদ্ধেও কড়া ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশকে নির্দেশ দেয়া হয়েছে।

########Byte–CM#######

মুখ্যমন্ত্রী এই অনুষ্ঠানে এক পেড় মা কে নাম, ৭৫ সীমান্ত গ্রাম বীর ও কে নাম, হর ঘর তিরঙ্গা সহ বিভিন্ন কর্মসূচির উল্লেখ করে এর সাফল্যের

কথা তুলে ধরেন। উপস্থিত ছিলেন বিধায়ক মিনা রানী সরকার, কর্পোরেটর অলক রায় প্রমুখ।

****************************

**Labour Minister :**

শ্রমমন্ত্রী টিংকু রায় শ্রমিকদের যথাসময়ে দুর্গাপূজার বোনাস বা অনুদান দেবার জন্য মালিক পক্ষের প্রতি আহ্বান জানান। আজ শ্রম দপ্তরের উদ্যোগে ভগৎ সিং যুব আবাসে আয়োজিত বিভিন্ন বেসরকারি কোম্পানির প্রতিনিধিদের সঙ্গে পূজা বোনাস সংক্রান্ত বিষয়ে বৈঠক শেষে তিনি একথা জানিয়েছেন। শ্রী রায় জানান, গত বছর সিদ্ধান্তক্রমে পূজা বোনাস ৮.৩৩ হারে দেওয়া হয়েছিল। কোনো কোনো ক্ষেত্রে ২০ শতাংশ বোনাসও দেওয়া হয়েছিল। এবছর জিনিসপত্রের মূল্য বৃদ্ধির উপর নির্ভর করে গত বছরের তুলনায় বোনাসের হার কিছুটা বৃদ্ধি করার জন্য শ্রমমন্ত্রী বৈঠকে মালিকপক্ষের প্রতি আহ্বান জানান। তিনি জানান, শ্রমিকদের বোনাস ও অনুদানের আগামী ২৭শে আগস্ট চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

#######Byte-Tinku Roy######

******************************

**Janmashtami Greetings :**

দেশজুড়ে আজ শ্রীকৃষ্ণের জন্মোৎসব, জন্মাষ্টমী পালিত হচ্ছে। এই উপলক্ষে উত্তর প্রদেশের মথুরা এবং বৃন্দাবন ভগবান শ্রীকৃষ্ণের জন্মোৎসব উদযাপনের ব্যাপক আয়োজন করা হয়েছে। শ্রীকৃষ্ণের জন্মস্থান মথুরায় বাঁকেবিহারী মন্দির, প্রেম মন্দির, ইসকন মন্দির এবং শ্রীকৃষ্ণ জন্মভূমি মন্দির সহ হাজার হাজার মন্দিরকে সুন্দরভাবে সাজানো হয়েছে। শ্রীকৃষ্ণ জন্মাষ্টমী উপলক্ষে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এক শুভেচ্ছা বার্তায় একে আনন্দ ও উৎসাহের উৎসব বলে অভিহিত করেছেন। ভগবান শ্রীকৃষ্ণ ধর্মের পথ অনুসরণ করে পরম সত্য অর্জনের বিষয়ে মানবতাকে আলোকিত করেছিলেন বলেও রাষ্ট্রপতি উল্লেখ করেন। তিনি সকলকে ভগবান শ্রীকৃষ্ণের শিক্ষা অনুসরণ করে সমাজ ও জাতিকে আরও শক্তিশালী করার শপথ নেওয়ার

আহ্বান জানান। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও এক বার্তায় দেশবাসীকে জন্মাষ্টমীর শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এই উৎসব দেশবাসীর মনে আস্থা, আনন্দ এবং উদ্দীপনার নতুন শক্তি সঞ্চারিত করবে বলে উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

*************************

**Janmastami-State :**

দেশের বিভিন্ন অংশের সঙ্গে রাজ্যেও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে জন্মাষ্টমী উৎসব উদযাপন করা হচ্ছে। এই উপলক্ষে আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, শ্রীকৃষ্ণ মন্দির ও হরেকৃষ্ণ মন্দির বিশেষ পূজা পাঠের আয়োজন করা হয়েছে। বিভিন্ন সংস্থার পক্ষ থেকে শিশুদের মধ্যে কৃষ্ণ সাজোঁ প্রতিযোগিতারও আয়োজন করা হয়।

ঊনকোটি জেলা সদর কৈলাশহরেও পালিত হচ্ছে ভগবান শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী। এই উপলক্ষ্যে অনেক বাড়িঘরে শ্রীকৃষ্ণের পূজা, ব্রতপালন করা হচ্ছে। কৈলাশহরের টাউন কালিবাড়ীতে "জন্মাষ্টমী উৎসব" এর আয়োজন করা হয়েছে। শিশুদের গীতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন রয়েছে। জন্মাষ্টমী উপলক্ষ্যে হিন্দু জাগরণ মঞ্চের উদ্যোগে আজ সকালে এক বাইক রেলি অনুষ্ঠিত হয়।

***************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, রাজ্যে বর্তমানে ২৬ হাজার ৫০০ হেক্টর জমিতে জৈব চাষ হচ্ছে। আজ মোহনপুরের অভিচরণে লেফুঙ্গা উপবিভাগ আয়োজিত মেগা অর্গানিক আম ও গোলাপি কাঁঠাল চারা রোপণ কর্মসূচি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। এই অনুষ্ঠানে ১ হাজার ২০০টিরও বেশি অর্গানিক আম ও গোলাপি কাঁঠাল চারা রোপণ করা হয়। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, ৫৩টি ফার্মার প্রোডিউসার্স কোম্পানির মাধ্যমে রাজ্যে জৈব চাষকে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে।

***************************

**Bangla Sanskrit Utsav :**

গাছকে রাখি পরিয়ে আজ বৃক্ষবন্ধন উৎসব পালন করেছে বাংলা সংস্কৃতি বলয়। সংগঠনের সভাপতি সেবক ভট্টাচার্য জানান, আগরতলা শহরের ৯টি প্রশাখায় বাংলা সংস্কৃতি বলয়ের সদস্যরা বৃক্ষবন্ধন উৎসব পালন করেছেন। হেরিটেজ পার্কের সামনে, নতুননগর এয়ারপোর্ট রোড এলাকায়, রানীবাজার বিদ্যামন্দিরের সামনে, অরুন্ধতীনগর বিদ্যালয়, শংকর চৌমুহনী থেকে বিজয় কুমার চৌমুহনী পর্যন্ত রাস্তায়, এমবিবি কলেজ চত্বর, রামনগরের বিভিন্ন রাস্তায়, বনমালীপুর পুকুর পাড়ে আজ গানে, কবিতায় উলুধ্বনি-শঙ্খধ্বনিতে এই বৃক্ষবন্ধন উৎসব পালন করা হয়। আগামীকাল সংস্কৃতি হাটে পালিত হবে এই বৃক্ষবন্ধন উৎসব।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**PM-illegal immigration :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অবৈধ অনুপ্রবেশের বিরুদ্ধে সতর্ক করে বলেছেন এটি দেশের জনসংখ্যার জন্য হুমকিস্বরূপ। স্বাধীনতা দিবসের ভাষণে, শ্রী মোদী অবৈধ অনুপ্রবেশকারীদের কারণে তৈরী হওয়া বিপদ থেকে দেশকে রক্ষা করার জন্য একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন জনসংখ্যা মিশন ঘোষণা করেছেন। প্রধানমন্ত্রী বলেন, সুপরিকল্পিত ষড়যন্ত্রে দেশের জনসংখ্যার পরিবর্তন করা হচ্ছে এবং একটি নতুন সংকটের বীজ বপন করা হচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, অনুপ্রবেশকারীরা দেশের যুবসমাজের জীবিকা ছিনিয়ে নিচ্ছে। শ্রী মোদী বলেন, তারা আমাদের বোন ও কন্যাদের লক্ষ্যবস্তু করছে। তারা আদিবাসীদের বিভ্রান্ত করছে এবং তাদের জমি দখল করছে। এটি সহ্য করা হবে না। প্রধানমন্ত্রী বিশেষ করে সীমান্ত অঞ্চলে জনসংখ্যা পরিবর্তনের চ্যালেঞ্জগুলি তুলে ধরে বলেন, সীমান্ত অঞ্চলে জনসংখ্যার পরিবর্তন জাতীয় নিরাপত্তার জন্য হুমকিস্বরূপ।

***************************

**Atal Bihari Vajpayee :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুনদিল্লিতে প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ীর প্রয়াণ দিবসে তাঁর স্মৃতিসৌধ ‘সদৈভ অটলে’ পুষ্পস্তবক অর্পণ করেন। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং সহ কেন্দ্রীয় মন্ত্রী জেপি নাড্ডা, কিরেন রিজিজু, গজেন্দ্র সিং শেখাওয়াত, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এবং দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তাও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিজেপির এই কিংবদন্তী নেতা ২০১৮ সালে আজকের শেষ নিঃশ্বাস ত্যাগ করেছিলেন। উল্লেখ্য, অটল বিহারী বাজপেয়ি তিনবার প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছিলেন। ১৯৯৬ সালে তাঁর প্রথম মেয়াদ ছিল মাত্র ১৩ দিন। তিনি ১৯৯৮ থেকে ১৯৯৯ পর্যন্ত এগারো মাস এবং তারপর ১৯৯৯ থেকে ২০০৪ সাল পর্যন্ত পূর্ণ মেয়াদে তৃতীয়বারের জন্য দায়িত্ব পালন করেন। ২০১৫তে তাঁকে ভারতের সর্বোচ্চ অসামরিক সম্মান - ভারতরত্ন - প্রদান করা হয়।

***************************

**Atal Bihari Bajpayee-CM :**

প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত অটল বিহারী বাজপেয়ীর প্রয়ান দিবস আজ আগরতলায় প্রদেশ বিজেপির কার্যালয়ে পালন করা হয়েছে। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ রাজীব ভট্টাচার্য, প্রদেশ বিজেপি সহ সভানেত্রী পাপিয়া দত্ত সহ অন্যান্য কার্যকর্তাগণ। মুখ্যমন্ত্রী বলেন, ভারত মাতার সুসন্তান, প্রখর রাষ্ট্রবাদী নেতা ছিলেন প্রাক্তন প্রধানমন্ত্রী অটল বিহারী বাজপেয়ী। অটল বিহারীর চিন্তাধারা সর্বদাই কার্য্যকর্তাদের পথ প্রদর্শক হিসাবে অনুপ্রাণিত করে।

****************************

**Atal Bihari Vajpayee-Unakoti :**

ঊনকোটি জেলার ফটিকরায়েও অটল বিহারী বাজপেয়ীর স্মরণসভা অনুষ্ঠিত হয়। স্মরণ সভায় প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস প্রয়াত অটল বিহারী বাজপেয়ীর জীবন ও কর্মধারা নিয়ে আলোচনা করেন।

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব। বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*****************************

**Subhanshu Sukla :**

আন্তর্জাতিক মহাকাশ স্টেশন পরিদর্শনকারী প্রথম ভারতীয় গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা, কক্ষপথ পরীক্ষাগারে ১৮ দিনের সফল অভিযান শেষ করে ভারতে ফিরে আসছেন। সফল মহাকাশ অভিযানের পর তিনি মার্কিন যুক্তরাষ্ট্রে ছিলেন। আগামীকাল তিনি দেশে পৌঁছোবেন বলে আশা করা হচ্ছে। সামাজিক মাধ্যম ইনস্টাগ্রামে শুক্লা তার যাত্রা, বন্ধুবান্ধব এবং পরিবারের সঙ্গে দেখা করার উত্তেজনার স্মৃতিচারণ করে একটি আবেগঘন পোস্ট শেয়ার করেছেন।

শ্রী শুক্লা ভারতের প্রথম মানব মহাকাশ অভিযান, গগনযানের জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত নভোচারীদের মধ্যে একজন।

*****************************

**Jonotar Darbar :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ আগরতলায় তাঁর সরকারি বাসভবনে "জনতার দরবার এ অংশগ্রহণ করেন। জনতার দরবারে তিনি মজলিশপুর বিধানসভা কেন্দ্র সহ রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আসা জনগণের বিভিন্ন সমস্যার কথা শোনেন এবং সমাধানের আশ্বাস দেন।

****************************

**Minister Kishor Barman :**

সিপাহীজলা জেলাভিত্তিক গুরু পূর্ণিমা উপলক্ষে আজ গুরুজন সম্মাননা অনুষ্ঠিত হয় নলছড় দশমীঘাট কমিউনিটি হলে। উদ্বোধন করেন উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন। উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, নলছড় পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারপার্সন রীনা দেবনাথ।

*****************************

**Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের বার্ষিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠান আজ রাজধানীর রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে রাজ্য ক্রিকেট সংস্থার পরিচালিত গত ক্রিকেটে মরশুমের বিভিন্ন আসরের চ্যাম্পিয়ন ও রানার্স ট্রফি তুলে দেয়া হয় এবং বর্ষসেরা খেলোয়াড়দের সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা উপস্থিত ছিলেন। এছাড়া ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ভারতীয় ক্রিকেট বোর্ডের সম্পাদক দেবজিৎ সইকিয়া, বোর্ডের এপেক্স কাউন্সিলের সদস্য খাইরুল জামাল মজুমদার উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানে ভারতীয় অনূর্ধ্ব ১৯ বছরের মেয়েদের দলের ফিল্ডিং কোচ রাজ্যের শ্রাবণী দেবনাথকে বিশেষভাবে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

****************************

**Football Association :**

কলকাতার ইস্টবেঙ্গল ক্লাব ও মোহনবাগান ক্লাবের প্রাক্তনীদের এক প্রদর্শনী ম্যাচ আগামীকাল আগরতলার উমাকান্ত মিনি স্টেডিয়ামে হবে। বিকেল সাড়ে পাঁচটায় এর উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। উপস্থিত থাকবেন সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের সভাপতি কল্যাণ চৌবে। এই প্রদর্শনী ম্যাচের আয়োজন নিয়ে রাজ্য ফুটবল সংস্থার সভাপতি প্রণব সরকার জানিয়েছেন, রাজ্যে প্রথমবারের মতো ইস্টবেঙ্গল ও মোহনবাগানের লেজেন্ডারদের ডার্বি ম্যাচ অনুষ্ঠিত হতে চলেছে। ম্যাচকে শান্তিপূর্ণভাবে করার জন্য সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ, গোমতী, উত্তর ও ধলাই জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * *